

PRINT

সমকালী

সব মেডিকেল কলেজে ৩ দিনের শোক

১২ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

নেপালের রাজধানী কাঠমান্ডুতে বিমান দুর্ঘটনায় সিলেটের রাগীব-রাবেয়া মেডিকেল কলেজের নিহত শিক্ষার্থীদের স্মরণে দেশের সব সরকারি-বেসরকারি মেডিকেল কলেজে তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিরের নির্দেশে গতকাল মঙ্গলবার থেকে এই কর্মসূচি শুরু হয়েছে। কর্মসূচি চলাকালে মেডিকেল কলেজের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা কালো ব্যাজ ধারণ করবেন। একই সঙ্গে মেডিকেল কলেজে কালো পতাকা উত্তোলন করা হবে। শোক পালনের তিন দিন কলেজ ক্যাম্পাসে সব ধরনের বিনোদনমূলক অনুষ্ঠান আয়োজন থেকে বিরত থাকতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে দুর্ঘটনায় হতাহতের প্রতি গভীর শোক ও সমবেদন জানান স্বাস্থ্যমন্ত্রী।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com